অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো COVID-19 ক্লাস্টার নিয়ন্ত্রণের জন্য SUNY ওনিওন্টাতে সোয়াট টিম মোতায়েন করেছেন

চ্যান্সেলর মালাট্রাস দুই সপ্তাহের জন্য SUNY ওনিওন্টাতে সশরীরে নির্দেশনা স্থগিত করার সিদ্ধান্ত অনুসরণ করেছেন

DOH 71 জন কন্ট্যাক্ট ট্রেসার এবং আট জন কেস তদন্তকারী নিয়োগ করবে

স্টেট ওনিওন্টাতে 15 মিনিটের মধ্যে ফলাফল সহ বিনামূল্যে র ্যাপিড টেস্টিং সাইট খুলবে

সাইটের অবস্থান আগামীকাল ঘোষণা করা হবে

কলেজ ক্যাম্পাসে সংক্রমণের হারের জন্য রাষ্ট্রীয় নির্দেশিকা এখানে পাওয়া যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) ওনিওন্টাতে একটি সোয়াট দল মোতায়েন করেছেন যাতে ওখানে বিকশিত একটি COVID-19 ক্লাস্টার নিয়ন্ত্রণ করা যায়। স্টেট টিমে 71 জন কন্ট্যাক্ট ট্রেসার এবং আটজন কেস তদন্তকারী থাকবে। নিউ ইয়র্ক স্টেট ওনিওন্টা শহরে তিনটি বিনামূল্যে, র‍্যাপিড টেস্টিং সাইট খুলবে। সাইটগুলো সাক্ষাৎকারের মাধ্যমে শহরের সকল বাসিন্দাদের জন্য উন্মুক্ত করা হবে, এবং ফলাফল 15 মিনিটের মধ্যে ফিরে আসবে। আগামীকাল সাইটের অবস্থান ঘোষণা করা হবে।

রাষ্ট্রীয় পদক্ষেপটি আসে যখন SUNY চ্যান্সেলর জিম মালাট্রাস ক্লাস্টারটি মোকাবেলা করতে সাহায্য করার জন্য SUNY ওনিওন্টা ক্যাম্পাসে দুই সপ্তাহের জন্য সশরীরে নির্দেশনা স্থগিত ঘোষণা করেন।

"কলেজগুলো হচ্ছে প্রথম সতর্ক সংকেত, এবং একটি সমাবেশ পরিস্থিতিতে সংক্রমণের হার 3 শতাংশ একটি উচ্চ হার, একটি ঘনবসতিপূর্ণ শহুরে পরিবেশের মত যেখানে আপনার লোকজন গণ পরিবহন ব্যবহার করছে। এজন্যই আমরা UNY ওনিওন্টায় নতুন COVID ক্লাস্টার নিয়ন্ত্রণ করার জন্য রাষ্ট্রীয় সম্পদ মোতায়েন করছি," **গভর্নর কুওমো বলেছেন।** "আমি মনে করি চ্যান্সেলর ওনিওন্টায় সঠিক কাজ করছেন এবং আমি মনে করি তিনি SUNY জুড়ে সঠিক পদক্ষেপ নিচ্ছেন, এবং আমি মনে করি বেসরকারি কলেজগুলোর সত্যিই এই উদাহরণ অনুসরণ করা উচিত।"

"ব্যক্তিগত দায়িত্ব সমষ্টিগত কল্যাণে ভূমিকা রাখে, তাই আপনার ব্যক্তিগত কর্মকাণ্ড আপনার কলেজ সম্প্রদায়ের সবার উপর ব্যাপক প্রভাব ফেলে," **SUNY চ্যান্সেলর জিম মালাট্রাস বলেছেন।** "কলেজ নীতির বিরুদ্ধে পার্টির আয়োজন করার অভিযোগে ওনিওন্টার পাঁচজন শিক্ষার্থীকে বরখাস্ত করা হয়েছে। তিনটি সংগঠন, ক্যাম্পাস সংগঠনকে বরখাস্ত করা হয়েছে এবং আমরা এই কারণে কঠিন হতে যাচ্ছি না কারণ আমরা তাদের মজা নষ্ট করতে চাই, কিন্তু এটি একটি ভিন্ন সময় এবং এটি অন্যান্য ক্যাম্পাস যা করছে তার উপরেও প্রযোজ্য।"

কলেজ ক্যাম্পাসে সংক্রমণের হারের জন্য নিউ ইয়র্ক স্টেটের নির্দেশিকা

স্কুলগুলোকে দুই সপ্তাহের জন্য সীমিত অন-ক্যাম্পাস কার্যকলাপের মাধ্যমে দূরবর্তী শিক্ষায় ফিরে যেতে হবে যখন দুই সপ্তাহের মধ্যে 5 শতাংশ বা 100 জন ব্যক্তি COVID-19 এর জন্য পজিটিভ ধরা পড়ে। যদি দুই সপ্তাহ পরে, স্থানীয় স্বাস্থ্য বিভাগ দেখে যে কলেজ প্রমাণ করেছে যে তারা কেসের সংখ্যা নিয়ন্ত্রণ করতে পারবেন না, তাহলে তাদের দূরবর্তী শিক্ষার ব্যবস্থা চালু রাখা প্রয়োজনীয় রাখতে পারেন, অথবা রাজ্য স্বাস্থ্য দপ্তররের (State Department of Health) সাথে আলোচনা করে অন্যান্য প্রশমণ ব্যবস্থা আরোপ করতে পারে। এই সময়ে, ক্রীড়া কার্যক্রম এবং অন্যান্য পাঠ্যক্রম বহীর্ভুত কার্যক্রম স্থগিত করতে হবে, এবং ডাইনিং হল বিকল্প শুধুমাত্র টেক-আউটে পরিবর্তিত করতে হবে।

যদি ক্যাম্পাসের নির্দিষ্ট এলাকায় ইতিবাচক কেসের আবির্ভাব ঘটে যদিও 5 শতাংশের কম বা 100 জনের কম ছাত্র-ছাত্রীরা প্রভাবিত হয়ে থাকে, কিন্তু তা যদি কলেজের বিচ্ছিন্ন করার এবং যোগাযোগ ট্রেস করার ক্ষমতার উপর চাপ সৃষ্টি করে, তাহলে কলেজকে অবশ্যই 100 শতাংশ দূরবর্তী শীক্ষায় ফিরে যেতে হবে, সীমিত অন-ক্যাম্পাস ক্রিয়াকলাপ বজায় রেখে। স্থানীয় স্বাস্থ্য দপ্তর বা রাজ্য স্বাস্থ্য দপ্তর কলেজগুলোর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে

অক্ষমতার বিষয়টি দেখার পর কলেজগুলোর অন-ক্যাম্পাস কার্যক্রম স্থগিত রাখার নির্দেশ দিতে পারে, এমনকি মেট্রিকের অধীনেও।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন